যে ব্যক্তি কোন রোগীকে দেখতে যায় অথবা তার কোন ভাইকে আল্লাহর ওয়াস্তে দেখতে যায়, সে ব্যক্তিকে এক (গায়বী) আহবানকারী আহবান ক’রে বলে, ‘সুখী হও তুমি, সুখকর হোক তোমার যাত্রা আর জান্নাতে তোমার একটি প্রাসাদ হোক।

আবু হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু হিসেবে বর্ণিত, “যে ব্যক্তি কোন
রোগীকে দেখতে যায় অথবা তার কোন ভাইকে আল্লাহর ওয়াস্তে দেখতে যায়, সে ব্যক্তিকে এক (গায়বী) আহবানকারী আহবান ক’রে বলে, ‘সুখী হও তুমি, সুখকর হোক তোমার যাত্রা আর
জান্নাতে তোমার একটি প্রাসাদ হোক”।
[হাসান] [এটি ইবন মাজাহ বর্ণনা করেছেন। - এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

যে ব্যক্তি কোন রোগীকে দেখতে যায় অথবা তার কোন ভাইয়ের সাথে আল্লাহর ওয়াস্তে সাক্ষাৎ করে, আল্লাহর পক্ষ থেকে একজন ফিরিশতা সে ব্যক্তিকে আহবান করে বলে, তুমি গুনাহসমূহ হতে পবিত্র হয়ে গেলে এবং আল্লাহর নিকট তোমার জন্য যে বিশাল বিনিময় রয়েছে তা উম্মুক্ত করলে। আর জান্নাতের প্রাসাদ গ্রহণ করলে যাতে তুমি বসবাস করবে।

https://sunnah.global/hadeeth/bn/show/3442